

# বর্ধমান জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ

নেতাজী ভবন, কাছারী রোড, পোঁ ও জেলা -বর্ধমান

দূরভাষ : ২৬৬২৩৭১, ২৬৬২৩৭২

পত্রাংক : ৮৬২৪/৮৬

দিনাংক : ২৭/৭/১৪

প্রতি

সকল অবর বিদ্যালয় পরিদর্শক, বর্ধমান।

বিষয় : শিক্ষক/শিক্ষিকাদের ভবিষ্যনিধি সম্পর্কে কয়েকটি জ্ঞাতব্য বিষয় ও করণীয় কাজ।

আমরা সকলেই জানি শিক্ষক/শিক্ষিকাদের অবসরকালীন প্রাপ্য অর্থের মধ্যে ভবিষ্যনিধির অর্থ অন্যতম যা তিনি সমগ্র চাকুরিজীবনে সঞ্চয় করেন। স্বাভাবিকভাবেই সকলেই অবসর গ্রহণের পর যত তাড়াতাড়ি সম্ভব তাঁর ভবিষ্যনিধির সঞ্চিত অর্থ পেতে চান এবং এটাই স্বাভাবিক। এছাড়া একান্ত প্রয়োজন না হলে কেউই ভবিষ্যনিধি হতে লোন গ্রহণ করেন না।

আমাদের জেলায় সকলের প্রচেষ্টায় সাফল্যের সাথেই ভবিষ্যনিধি সংক্রান্ত কাজগুলি সম্পূর্ণ হয়ে চলেছে। ইতিমধ্যে ভবিষ্যনিধির অর্থ ব্যক্তিগত চেক প্রেরণের পরিবর্তে বর্তমানে ই-পেমেন্টের মাধ্যমে সরাসরি শিক্ষক/শিক্ষিকাদের অ্যাকাউন্টে জমা হচ্ছে, ফলে কিছু করণীয় কাজ করেছে এবং কাজের গতিও বৃদ্ধি পেয়েছে। শীঘ্রই সংসদ-এর নিজস্ব ওয়েবসাইট চালু হতে চলেছে ফলে বিভিন্ন তথ্য সংস্দে না এসে ওয়েবসাইটের মাধ্যমে জানতে পারবেন। এতদসত্ত্বেও আরোও দ্রুততার সাথে শিক্ষক/শিক্ষিকাদের ভবিষ্যনিধির ফাইনাল পেমেন্ট বা লোন পৌছে দেবার জন্য নিম্নলিখিত বিষয়গুলি যথাযথভাবে পালন করার অনুরোধ জানাই : -

- ১) শিক্ষিক/শিক্ষিকার অবসর গ্রহণের ৩ (তিনি) মাস আগে অবশ্যই পি. এফ কাটা বন্ধ করতে হবে এবং সাথেই ফাইন্যাল পেমেন্টের কাজগুপ্ত সংসদ অফিসে পাঠাতে হবে।
- ২) ইতিপূর্বে জানানো হয়েছে কেবলমাত্র সেইসব প্রয়োজনীয় কাগজগুলিই পাঠাতে হবে। অপ্রয়োজনীয় কাগজগুপ্ত পাঠানো পরিহার করতে হবে।
- ৩) ভবিষ্যনিধির নমিনি করা প্রত্যেক শিক্ষক/শিক্ষিকার একান্ত করণীয় কর্তব্য। যে সকল শিক্ষক/শিক্ষিকার পি. এফের নমিনি করা নেই তাঁরা যাতে ভবিষ্যনিধির নমিনি করে রাখেন সে বিষয়ে আপনার পক্ষ হতে প্রত্যেক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/ শিক্ষিকাকে সার্কুলার জারি করে সকল শিক্ষক/শিক্ষিকাদের অবহিত করার উদ্যোগ নিতে হবে। [যেখানে মৃত শিক্ষক/শিক্ষিকাদের ক্ষেত্রে তাদের পোষ্যগণ পরবর্তী সময়ে এজন্য মারাত্মক সমস্যায় পড়েন এবং উত্তরাধিকারী নির্ধারণের প্রশাসনিক জটিলতায় মৃত শিক্ষক/শিক্ষিকাদের ভবিষ্যনিধির অর্থ পেতেও দেরী হয়। যা

আমাদের কারোরই কাম্য নয়।]

৪) আন্তঃজেলা বদলি হয়ে যে সকল শিক্ষক/শিক্ষিকা অন্য জেলায় যোগদান করছেন তাঁদের এল. পি. সি দেবার সময় অবশ্যই পি.এফ পেমেন্টের জন্য সকল কাগজপত্রসহ আবেদনপত্র অত্র করণে পাঠাতে হবে। এখন হতে পি.এফ ফাইন্যাল পেমেন্টের আবেদনের কাগজপত্র ব্যতীত আর কোনো শিক্ষক/শিক্ষিকাকে রিলিজ অর্ডার দেওয়া হবে না।

৫) এছাড়া বিভিন্ন কারণে যে সকল শিক্ষক/শিক্ষিকা চাকুরী হতে ইস্তফা দিচ্ছেন তাঁদের ক্ষেত্রেও পি.এফ ফাইন্যাল পেমেন্টের আবেদনের কাগজপত্র দুটার সাথে অত্র করণে পাঠাতে হবে।।

৬) মৃত শিক্ষক/শিক্ষিকাদের পি.এফ ফাইন্যাল পেমেন্টের আবেদনের কাগজপত্র অত্র করণে পাঠানোর আগে অতিরিক্ত বেতনের টাকা ফেরৎ দেওয়ার বিষয়টি তাঁর পোষ্যদের অবাহিত করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। প্রয়োজন হলে তাঁদের সংসদ অফিসে সংশ্লিষ্ট সহায়কের সাথে যোগাযোগ করার পরামর্শ দিতে হবে।

শারদীয়া ও ঈদের শুভেচ্ছা সহ -

  
সভাপতি  
জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ  
বর্ধমান।

পত্রাংক : ৪৬২৪/৪৬-(৩২)

দিনাংক : ২৯/১/২৪

অনুলিপি :-

- ১) সকল পি. এফ ইনচার্জ / সকল বিল ইনচার্জ, বর্ধমান জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, বর্ধমান।
- ২) সকল পি.এফ / বিল সহায়ক, বর্ধমান জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, বর্ধমান।

  
সভাপতি  
জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ  
বর্ধমান।